বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোননংঃ ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email:dgmrsd@krishibank.org.bd

প্রকা/গবে ও পরিঃ ৪৬(৫)/ CIB Online/২০২২-২০২৩/ ১৭৯ তারিখ ঃ ০৬/০৯/২০২২

০১। উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম সেকশন/
বৈদেশিক বাণিজ্য সেকশন, স্থানীয় মুখ্য কার্যালয় ঢাকা;
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা;
০৩। ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মহামান্য আদালতের স্থগিতাদেশ (Stay Order) থাকা গ্রাহকের(ব্যাক্তি/প্রতিষ্ঠান) Classified দায়দেনা সিআইবি ডাটাবেইজে রিপোর্টকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখায় সিআইবি ডাটাবেইজে রিপোর্টকৃত ঋণতথ্য সংশোধনের জন্য ওয়েবপোর্টাল চালু করা হয়েছে। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, চলমান ডাটাবেইজে Stay Order অথবা Stay Vacating order কার্যকরের সুযোগ কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নেই। এমতাবস্থায়, গ্রাহক কর্তৃক মহামান্য আদালতে রীট পিটিশন দায়েরের প্রেক্ষিতে যেসকল ঋণ খেলাপী হিসাবে প্রদর্শনের বিষয়ে আদালতের স্থগিতাদেশ রয়েছে, সে বিষয়ে কোন সংশোধনের প্রয়োজন হলে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্য অত্র বিভাগে জরুরী ভিত্তিতে Stay Order/Stay Vacating order এর কপি প্রেরণ করতে হবে।

০৩। এ বিষয়ে প্রাসঙ্গিক বাংলাদেশ ব্যাংক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর ১৯/০৩/২০১৭ তারিখের পত্র নং-সিআইবি-১(১২)/বিবিধ/২০১৬-৬৮৬ এর কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ০১(এক)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়;
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়;
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। নথি।

৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো


সূত্র নং- সিআইবি-১(১২)/বিবিধ/২০১৬- ৬৮৬

তারিখ ঃ ১৯ /০৩/২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

**মহামান্য আদালতের স্থগিতাদেশ(Stay Order) থাকার কারণে সংশ্লিষ্ট গ্রাহকের(ব্যক্তি/প্রতিষ্ঠান) Classified দায়দেনা Unclassified (UC) হিসেবে রিপোর্টকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

সিআইবি ডাটাবেজ পর্যবেক্ষণে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের Stay Order প্রাপ্ত গ্রাহকগণের SS, DF, BL ও BLW মানে শ্রেণিকৃত দায়দেনা UC হিসেবে রিপোর্ট করা হচ্ছে যা ঋণশৃঙ্খলার পরিপন্থী। তাছাড়া কোন নির্দিষ্ট মাসের চলমান ডাটাবেইজের তথ্যের উপর Stay Order মার্কিং বা Stay Order প্রত্যাহার করার সুযোগ কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নেই। এতদ্‌প্রেক্ষিতে মহামান্য আদালতের রায় পরিপালনার্থে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হ'ল ঃ

(১) কোন ঋণগ্রহীতা মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন দায়েরের প্রেক্ষিতে তার দায়দেনার actual status প্রস্তুত করা এবং তা সিআইবিতে প্রেরণ স্থগিতের আদেশ বা stay order প্রদান না করে শুধু তার status প্রকাশ বা publication স্থগিত করার আদেশ বা stay order থাকলে উক্ত status (যে অবস্থানে থাকে) সিআইবিতে রিপোর্ট করতে হবে।

(২) মহামান্য আদালতের stay order/stay vacating order এর কপি পাওয়া মাত্রই তা প্রযোজ্য ক্ষেত্রে ডাটাবেইজে মার্কিং/প্রত্যাহার করার জন্য সিআইবিতে প্রেরণ করতে হবে। **মহামান্য আদালতের আদেশ/নির্দেশনা মোতাবেক করণীয় বিষয়ে সিআইবি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।**

আপনাদের বিশ্বস্ত,

(মনছুরা খাতুন)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৩৩